

বরিশাল বিএম কলেজে
মুক্তিযুদ্ধের গান নিষিদ্ধ
করায় সংসদে ক্ষোভ

(সংসদ বার্তা পরিবেশক)

বরিশাল ব্রজ মোহন কলেজের আসন্ন শতবর্ষ পূর্তি অনুষ্ঠানের সম্ভাব্য গান ও বক্তৃতার ওপর নিয়ন্ত্রণ সম্পর্কে বৃহস্পতিবার সংবাদ-এ প্রকাশিত খবরের প্রতি আওয়ামী লীগের বেগম সাজেদা চৌধুরী গতকাল সংসদের স্পীকারে দৃষ্টি আকর্ষণ করেন।

বিএম কলেজ : পৃঃ ৮ কঃ ২

বিএম কলেজ : সংসদে ক্ষোভ
(১ম পৃষ্ঠার পর)

তিনি বলেন, খবরটি আমাদের সবাইকে ব্যথিত করেছে। কলেজ কর্তৃপক্ষের এ ধরনের নির্দেশের পর আমরা ভেবে পাই না আমরা কোন দেশে বাস করছি।

এ বক্তব্যের পর বৈঠকের সভাপতি ডেপুটি স্পীকার হুমায়ুন খান পল্লী বিষয়টি বিবেচনার আশ্বাস দিয়ে সাজেদা চৌধুরীকে বিধি মোতাবেক নোটিশ দিতে বলেন।

উল্লেখ্য, ওই শতবর্ষ পূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন রাষ্ট্রপতি আবদুর রহমান বিখাস। কলেজ কর্তৃপক্ষ ওই অনুষ্ঠানে মুক্তিযুদ্ধের গান, 'মুক্তিযুদ্ধ' 'রাজাকার' ইত্যাদি শব্দ নিষিদ্ধ ঘোষণা করেছেন।